# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য জরুরী হলো রুকূ‘ করা, রুকূ‘ থেকে মাথা উত্তোলন করার সময় রফ‘উল ইয়াদাইন করা, যেমন সালাতের শুরুতে রফ‘উল ইয়াদাইন করা হয়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ عَلَى الْمُصَلِّي رَفْعَ الْيَدَيْنِ عِنْدَ إِرَادَتِهِ الرُّكُوعَ وَبَعْدَ رَفْعِهِ رَأْسَهُ مِنْهُ كَمَا يَرْفَعُهُمَا عِنْدَ ابْتِدَاءِ الصَّلَاةِ

আরবী

1868 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنِ زُهَيْرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَامِرٍ الْعَقَدِيُّ قَالَ: حَدَّثَنَا فُلَيْحُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنِي عَبَّاسُ بْنُ سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيُّ قَالَ: اجْتَمَعَ أَبُو حُمَيْدٍ السَّاعِدِيُّ وَأَبُو أُسَيْدٍ السَّاعِدِيُّ وَسَهْلُ بْنُ سَعْدٍ وَمُحَمَّدُ بْنُ مَسْلَمَةَ فَذَكَرُوا صَلَاةَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو حُمَيْدٍ: أَنَا أَعْلَمُكُمْ بِصَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ فَكَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ ثُمَّ رَفَعَ يَدَيْهِ حِينَ كَبَّرَ لِلرُّكُوعِ ثُمَّ رَكَعَ فَوَضَعَ يَدَيْهِ عَلَى رُكْبَتَيْهِ كَالْقَابِضِ عَلَيْهِمَا فَوَتَرَ يَدَيْهِ فَنَحَّاهُمَا عَنْ جَنْبَيْهِ وَلَمْ يُصوب رَأْسَهُ وَلَمْ يُقنعه ثُمَّ قَامَ فَرَفَعَ يَدَيْهِ فَاسْتَوَى حَتَّى رَجَعَ كُلُّ عُضْوٍ إِلَى مَوْضِعِهِ ثُمَّ سَجَدَ أَمْكَنَ أَنْفَهُ وَجَبْهَتَهُ وَنَحَّى يَدَيْهِ عَنْ جَنْبَيْهِ وَوَضَعَ كَفَّيْهِ حَذْوَ مَنْكِبَيْهِ ثُمَّ رَفَعَ رَأْسَهُ حَتَّى رَجَعَ كُلُّ عُضْوٍ فِي مَوْضِعِهِ حَتَّى فَرَغَ ثُمَّ جَلَسَ فَافْتَرَشَ رِجْلَهُ الْيُسْرَى وَأَقْبَلَ بِصَدْرِ الْيُمْنَى عَلَى قِبْلَتِهِ وَوَضَعَ كَفَّهُ الْيُمْنَى عَلَى رُكْبَتِهِ الْيُمْنَى وَكَفَّهُ الْيُسْرَى عَلَى رُكْبَتِهِ الْيُسْرَى وَأَشَارَ بأصبعه السبابة.

الراوي : عَبَّاسُ بْنُ سَهْلِ بْنِ سَعْدٍ السَّاعِدِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1868 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (723).

বাংলা

১৮৬৮. আব্বাস বিন সাহল বিন সা‘দ আস সা‘ইদী থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আবূ হুমাইদ, সাহল বিন সা‘দ, মুহাম্মাদ বিন মাসলামা রাদ্বিয়াল্লাহু আনহুম একত্রিত হন। অতঃপর তাঁরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিষয়ে আলোচনা করেন। তখন আবূ হুমাইদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আমি আপনাদের মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিষয়ে সবচেয়ে বেশি অবগত। নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাতে দাঁড়ান, অতঃপর তাকবীর দেন এবং রফ‘উল ইয়াদাইন করেন। তারপর আবার রফ‘উল ইয়াদাইন করেন, যখন রুকূ‘ করার জন্য তাকবীর দেন। তারপর রুকূ‘ করেন এবং তাঁর দুই হাতকে হাঁটুর উপর স্থাপন করেন যেন তিনি হাঁটুকে আকড়ে ধরে আছেন। এসময় তিনি তাঁর দুই হাতকে ধনুক আকৃতির করতেন এবং হাতকে দুই পার্শ্ব থেকে দূরে রাখেন। তিনি রুকূ‘তে পিঠ সোজা করতেন; পিঠকে উঁচু করতেন না আবার নিচুও করেননি। তারপর তিনি দাঁড়ান এবং রফ‘উল ইয়াদাইন করেন। তারপর এমনভাবে সোজা হয়ে দাঁড়ান যে, তাঁর প্রত্যেকটি হাড় স্বস্থানে ফিরে যায়। তারপর তিনি সাজদা করেন, তিনি তাঁর নাক ও কপাল মাটিতে রাখেন, দুই হাতকে দুই পার্শ্ব থেকে দূরে রাখেন এবং দুই হাতের তালূ দুই কাঁধ বরাবর রাখেন। তারপর সাজদা থেকে মাথা উত্তোলন করেন (এবং এমন সোজা হয়ে বসেন যে) তাঁর প্রতিটি হাড় স্বস্থানে ফিরে যায়। এভাবে তা সম্পন্ন করেন। তারপর তিনি বাম পা বিছিয়ে তার উপর বসেন, আর ডান পায়ের অগ্রভাগ কিবলামূখী করেন। তিনি বৈঠকে ডান হাতের তালূকে ডান হাঁটুর উপর আর বাম হাতের তালূকে বাম হাঁটুর উপর রাখেন এবং তর্জনী অঙ্গুলীর মাধ্যমে ইশারা করেন।”[1]

## ফুটনোট

[1] তিরমিযী: ২৬০; সহীহ ইবনু খুযাইমাহ: ৬৮৯; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন: ৫ পৃষ্ঠা; আবূ দাঊদ: ৭৩৪; সুনান বাইহাকী: ২/১১২; দারেমী: ১/২৯৯; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আব্বাস ইবনু সাহল ইবনু সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91084

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন